নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১০.২১-৩৪০

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২৬ মে ২০২২

**বিষয়: ১৫ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন/শূন্য পদের উপনির্বাচন উপলক্ষে আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েন সংক্রান্ত**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- (১) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১২.২২-৩০৫, তারিখ: ১২ মে ২০২২
(২) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১২.২২-৩০৪, তারিখ: ১২ মে ২০২২
(৩) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৭.২২-২৯৬, তারিখ: ২৮ এপ্রিল ২০২২
(৪) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১২.২২-২৭৮, তারিখ: ২৫ এপ্রিল ২০২২
(৫) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১২.২২-২৭৭, তারিখ: ২৫ এপ্রিল ২০২২
(৬) ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.২২-২৭৯, তারিখ: ২৫ এপ্রিল ২০২২
(৭) ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.২২-২৮২, তারিখ: ২৫ এপ্রিল ২০২২
জননিরাপত্তা বিভাগের স্মারক নং-(১) ৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০২১-১৪৯, তারিখ: ১৭ জুন ২০২১ মূলে জারিকৃত পরিপত্র
(২) ৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০১৪-১১৪, তারিখ: ০৫ মার্চ ২০১৯ মূলে জারিকৃত পরিপত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৫ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন/শূন্য পদের উপনির্বাচন (কপি সংযুক্ত) উপলক্ষে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক ০৫ মার্চ ২০১৯ তারিখের ৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০১৪-১১৪নং স্মারক এবং ১৭ জুন ২০২১ তারিখের ৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১. ২০২১-১৪৯নং স্মারকমূলে জারিকৃত পরিপত্রে উল্লিখিত কেন্দ্রের ফোর্স মোতায়েন এবং আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েনের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

২। মোবাইল/স্ট্রাইকিং ফোর্স ভোটগ্রহণের পূর্ববর্তী ০২ (দুই) দিন, ভোটগ্রহণের দিন এবং ভোটগ্রহণের পরের দিনসহ মোট ০৪ (চার) দিন নিয়োজিত থাকবে।

৩। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

২৬/৫/২০২২

**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
e-mail: ecsemc2@gmail.com

সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১০.২১-৩৪০

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২৬ মে ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৩. মহাপরিচালক,বিজিবি/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড/র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা
৪. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার, ........................................(সংশ্লিষ্ট) বিভাগ
৭. প্রকল্প পরিচালক, আইডিইএ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. উপ মহাপুলিশ পরিদর্শক, ........................................(সংশ্লিষ্ট) রেঞ্জ
৯. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, ..........................(সংশ্লিষ্ট)
১০. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭
যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

১১. জেলা প্রশাসক, .......................................(সংশ্লিষ্ট) **[বিজিবির প্রতিটি টিমের সাথে একজন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োজিত করার বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ]**

১২. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .......................................(সংশ্লিষ্ট) অঞ্চল

১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৪. পুলিশ সুপার, .........................................(সংশ্লিষ্ট)

১৫. সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, ................................(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার

১৬. উপজেলা নির্বাহী অফিসার, .......................................(সংশ্লিষ্ট)

১৭. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ........................(সংশ্লিষ্ট)

১৮. প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

১৯. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .......................................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................ এর সদয় অবগতির জন্য)

২০. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের এর সদয় অবগতির জন্য)

২১. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব .......................................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২২. উপজেলা নির্বাচন অফিসার, ...........................(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার

২৩. ...........................................................................................রিটার্নিং অফিসার

২৪. অফিসার ইন চার্জ, .......................................(সংশ্লিষ্ট) থানা।

24/01/2022

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১২.২২-৩০৫

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯
১২ মে ২০২২

**বিষয়: সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলার বুধবারীবাজার ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের ভোটগ্রহণের তারিখ পুনঃনির্ধারণ সংক্রান্ত।**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয় এর স্মারক নং (১) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৭.২২-২৯৬, তারিখ: ২৮ এপ্রিল ২০২২
(২) ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.২২-২৭৯, তারিখ: ২৫ এপ্রিল ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোল্লিখিত পত্রানুযায়ী সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলার বুধবারীবাজার ইউনিয়ন পরিষদের ভোটগ্রহণের তারিখ **১৫ জুন ২০২২** নির্ধারিত রয়েছে। অপরদিকে, সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান পদের নির্বাচন আগামী ১৫ জুন ২০২২ তারিখে নির্ধারিত হয়েছে। উল্লিখিত নির্বাচনসমূহ একই উপজেলায় হওয়ায় একই ভোটকেন্দ্রে দুই ধরনের ব্যালট প্রদান করে নির্বাচন পরিচালনা করতে গেলে ব্যবস্থাপনাগত অসুবিধা সৃষ্টি হবে। বিধায় সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলার বুধবারীবাজার ইউনিয়ন পরিষদের নির্বাচন **১৫ জুন ২০২২ এর পরিবর্তে ১৭ জুন ২০২২ তারিখে** সম্পন্ন করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

২। বর্ণিতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশনের উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

১২/০৫/2022

**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

১। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, সিলেট
২। উপজেলা নির্বাচন অফিসার, গোলাপগঞ্জ, সিলেট
৩। ..............................................ও রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১২.২২-৩০৫

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯
১২ মে ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. সচিব, ......... ......... .......... .......... ........... ......... .........(সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ..........................................(সংশ্লিষ্ট)
৯. প্রকল্প পরিচালক, আইডিইএ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, ....................................(সংশ্লিষ্ট)
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. জেলা প্রশাসক,...............................(সংশ্লিষ্ট)
১৩. পুলিশ সুপার, ................................(সংশ্লিষ্ট)
১৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,................................(সংশ্লিষ্ট)
১৫. উপসচিব (নির্বাচন পরিচালনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ......... ....... ...... ...... এর একান্ত সচিব (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯. অফিসার ইন চার্জ, ......... ......... .......... .......... (সংশ্লিষ্ট থানা)।

**(মোহাম্মদ আশফাকুর রহমান)**
সহকারী সচিব

অফিসের ঠিকানাঃ | যোগাযোগঃ | নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১২.২২-৩০৪

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯ / ১২ মে ২০২২

**বিষয়: আগামী ১৫ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদের নির্বাচন তফসিল হতে বাদ দেয়া সংক্রান্ত।**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয় এর স্মারক নং- (১) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৭.২২-২৯৬, তারিখ: ২৮ এপ্রিল ২০২২
(২) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১২.২২-২৭৭, তারিখ: ২৫ এপ্রিল ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য ভোলা জেলার মনপুরা উপজেলাধীন **মনপুরা ইউনিয়ন**, চরফ্যাশন উপজেলাধীন **ঢালচর ইউনিয়ন**, চাঁদপুর জেলার সদর উপজেলাধীন **হানারচর ইউনিয়ন**, মতলব উত্তর উপজেলাধীন **জহিরাবাদ ইউনিয়ন**, টাঙ্গাইল জেলার সদর উপজেলাধীন **ছিলিমপুর ইউনিয়ন**, গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন **বনগ্রাম, জামালপুর ও কামারপাড়া ইউনিয়ন**, শরীয়তপুর জেলার গোসাইরহাট উপজেলাধীন **ইদিলপুর ইউনিয়ন**, চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলাধীন **দুর্লভপুর ইউনিয়ন**, মাগুরা জেলার সদর উপজেলাধীন **বগিয়া ইউনিয়ন** এবং দিনাজপুর জেলার সদর উপজেলাধীন **চেহেলগাজী ইউনিয়ন** পরিষদের নির্বাচন তফসিল হতে বাদ দেয়ার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

০২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২/০৫/২০২২

**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

১। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, ........................(সংশ্লিষ্ট)
২। উপজেলা নির্বাচন অফিসার, ..............................(সংশ্লিষ্ট)
৩। ..........................................ও রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১২.২২-৩০৪

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯ / ১২ মে ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. সচিব, ......... ......... .......... .......... ........... ......... ........(সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, .........................................(সংশ্লিষ্ট)
৯. উপ মহাপুলিশ পরিদর্শক, .....................................(সংশ্লিষ্ট)
১০. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১১. জেলা প্রশাসক,..............................(সংশ্লিষ্ট)
১২. পুলিশ সুপার, ................................(সংশ্লিষ্ট)
১৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,...................................(সংশ্লিষ্ট)
১৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ......... ...... ...... ....... এর একান্ত সচিব (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৭. অফিসার ইন চার্জ, ......... ......... ......... .......... (সংশ্লিষ্ট থানা)।

**(মোহাম্মদ আশফাকুর রহমান)**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা

অফিসের ঠিকানাঃ | যোগাযোগঃ

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৭.২২-২৯৬

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৯
২৮ এপ্রিল ২০২২

**বিষয় : পুনঃতফসিল জারি করে বা নতুনভাবে মনোনয়নপত্র আহবান করে অথবা যে পর্যায় থেকে স্থগিত করা হয়েছিল সে পর্যায় থেকে ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠান**

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-(১) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১২.২২-২৭৭, তারিখ: ২৫ এপ্রিল ২০২২
(২) ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১২.২২-২৭৮, তারিখ: ২৫ এপ্রিল ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে মামলাজনিত বা সীমানা জটিলতা অথবা চেয়ারম্যান পদে মৃত্যুজনিত কারণে সম্পূর্ণ ইউনিয়নের নির্বাচন স্থগিত করা হয়েছিল এমন ইউনিয়নের তালিকা (সংলগ্নী-১) এবং সম্পূর্ণ ইউনিয়নের নির্বাচন বাতিল করা হয়েছে এমন ইউনিয়নের তালিকা (সংলগ্নী-২) এতদসংগে প্রেরণ করা হলো । তাছাড়া তফসিল ঘোষণার পর ভোটগ্রহণের কয়েকদিন পূর্বে নির্বাচন স্থগিত করা হয়েছিল এমন ইউনিয়নের তালিকা এতদসংগে প্রেরণ করা হলো (সংলগ্নী-৩)।

০২। **মামলাজনিত বা সীমানা জটিলতা অথবা চেয়ারম্যান পদে মৃত্যুজনিত কারণে সম্পূর্ণ ইউনিয়নের নির্বাচন স্থগিত করা হয়েছিল এমন ইউনিয়ন:** সংলগ্নী-১ এ উল্লিখিত ছকের মন্তব্য কলামে বর্ণিত তথ্য ও নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে বা সকল পদে পুনরায় মনোনয়নপত্র দাখিলের সুযোগ দিয়ে সূত্রোল্লিখিত নির্দেশনা এবং ইতঃপূর্বের নির্দেশনা ও পদ্ধতি অনুযায়ী ১৫ জুন ২০২২ তারিখে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, ইতঃপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের পুনরায় মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন নেই।

০৩। **সম্পূর্ণ ইউনিয়নের নির্বাচন বাতিল করা হয়েছে এমন ইউনিয়ন:** সংলগ্নী-২ এ উল্লিখিত ছকের মন্তব্য কলামে বর্ণিত তথ্য ও নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সকল পদে পুনরায় মনোনয়নপত্র দাখিল, বাছাই, আপিল গ্রহণ, আপিল নিষ্পত্তি, প্রার্থীতা প্রত্যাহার, প্রতীক বরাদ্দসহ সমুদয় কার্যক্রম গ্রহণ করে সূত্রোল্লিখিত নির্দেশনা এবং ইতঃপূর্বের নির্দেশনা ও পদ্ধতি অনুযায়ী ১৫ জুন ২০২২ তারিখে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, শরীয়তপুর সদর উপজেলাধীন চিতলিয়া ইউনিয়নের নির্বাচনে ইতঃপূর্বে যে সকল প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের পুনরায় মনোনয়নপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে ইতঃপূর্বে মনোনয়নপত্র দাখিলকারীদের জামানতের অর্থ ফেরতের প্রয়োজন হবে।

০৪। **ভোটগ্রহণের কয়েকদিন পূর্বে নির্বাচন স্থগিত করা হয়েছে এমন ইউনিয়ন:** সংলগ্নী-৩ এ উল্লিখিত ছকের মন্তব্যে কলামে বর্ণিত তথ্য ও নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের নির্বাচন যে পর্যায়ে স্থগিত করা হয়েছিল, সে পর্যায় থেকে নির্বাচন অনুষ্ঠানের জন্য ১৫ জুন ২০২২ তারিখে ভোটগ্রহণের তারিখ নির্ধারণ করে প্রাসংগিক কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৫। **সদস্য পদে মৃত্যুজনিত বা মনোনয়নপত্র দাখিল না করা অথবা অন্যবিধ কারণে পুনঃনির্বাচন:** পাবনা জেলার সুজানগর উপজেলাধীন সাতবাড়িয়া ইউনিয়ন পরিষদের ৮নং সাধারণ সদস্য পদে, মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলাধীন রাঢ়ী ইউনিয়ন পরিষদের ৬নং সাধারণ সদস্য পদে, রাঙ্গামাটি জেলার রাজস্থালী উপজেলাধীন গাইন্দা ইউনিয়ন পরিষদের ৩নং সংরক্ষিত সদস্য পদে ও ২নং সাধারণ সদস্য পদে কোন মনোনয়নপত্র দাখিল না হওয়া, নির্বাচিত প্রার্থীর শপথ গ্রহণের পূর্বেই মৃত্যুবরণ ইত্যাদি কারণে যেসব সংরক্ষিত বা সাধারণ সদস্য পদে নির্বাচন সম্পন্ন হয়নি সেগুলোতে সূত্রোল্লিখিত নির্দেশনা অনুসারে নতুন করে মনোনয়নপত্র আহবানকরত পদ্ধতিগতভাবে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে।

৬। **ব্যালট বা ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ, ভোটগ্রহণের সময় ইত্যাদি:** উল্লিখিত ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন যে প্রক্রিয়ায় অনুষ্ঠিত হয়েছিল, পুনঃনির্বাচনও একই প্রক্রিয়ায় অনুষ্ঠিত হবে। তবে ব্যালট পেপারের মাধ্যমে ভোটগ্রহণের ক্ষেত্রে সকাল ৯.০০ ঘটিকায় ভোটগ্রহণের সময় নির্ধারণ করে সকালে ব্যালট পেপার পৌছানোর ব্যবস্থা করতে হবে।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

০৭। বর্ণিতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

২৮/০৪/২২

( মোঃ মিজানুর রহমান )
উপসচিব (নির্বাচন প্রশাসন)
ফোন: ৫৫০০৭৫৬৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

প্রাপক,

১। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার,……….(সংশ্লিষ্ট)

২। উপজেলা নির্বাচন অফিসার, ……….(সংশ্লিষ্ট)

৩। ………………… ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)।

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০৭.২২-২৯৬

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৯ / ২৮ এপ্রিল ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. সচিব, ............................................ বিভাগ/মন্ত্রণালয় (সংশ্লিষ্ট), বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্ট গার্ড, ঢাকা
৮. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ..................................... (সংশ্লিষ্ট)
১০. উপমহাপুলিশ পরিদর্শক, ............................... (সংশ্লিষ্ট)
১১. জেলা প্রশাসক, ............................................ (সংশ্লিষ্ট)
১২. পুলিশ সুপার, .............................................. (সংশ্লিষ্ট)
১৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ......................... (সংশ্লিষ্ট)
১৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................... এর একান্ত সচিব (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৭. অফিসার ইনচার্জ, .......................................থানা (সংশ্লিষ্ট)।

( মোঃ মিজানুর রহমান )
উপসচিব (নির্বাচন প্রশাসন)।

সংলগ্নী-১

**মামলাজনিত বা সীমানা জটিলতা কারণে অথবা চেয়ারম্যান পদে মৃত্যুজনিত কারণে সম্পূর্ণ ইউনিয়ন বা চেয়ারম্যান পদে পুনঃতফসিল বা পুনরায় মনোনয়নপত্র গ্রহণের প্রয়োজন হবে এমন ইউনিয়নের বিবরণী**

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়নের নাম | স্থগিতকালে ভোটগ্রহণের তারিখ | স্থগিতের তারিখ, পর্যায় ও কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | বগুড়া | গাবতলী | সুখানপুকুর | ৩১/০১/২০২২ (৬ষ্ঠধাপ) | ২৭/০১/২০২২ ভোটগ্রহণের ০৪ দিন পূর্বে। চেয়ারম্যান পদে ১ জন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর মৃত্যুজনিত কারণে সকল পদের নির্বাচন স্থগিত করা হয়। | চেয়ারম্যান পদে নতুন করে মনোনয়নপত্র দাখিলের সুযোগ দিতে হবে। তবে ইতোপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়ন দাখিলের প্রয়োজন হবেনা। সংরক্ষিত ও সাধারণ সদস্য পদে দাখিলের সুযোগ নেই। |
| ২. | পাবনা | সদর | ভাঁড়ারা | ২৬/১২/২০২১ (৪র্থধাপ) | ১৯/১২/২০২১ ভোটগ্রহণের ০৭ দিন পূর্বে। চেয়ারম্যান পদে ০১ জন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর মৃত্যুজনিত কারণে উক্ত ইউনিয়নের নির্বাচন বাতিল করা হয়। | চেয়ারম্যান পদে নতুন করে মনোনয়নপত্র দাখিলের সুযোগ দিয়ে পুনঃ তফসিল। তবে ইতোপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়ন দাখিলের প্রয়োজন হবেনা। সংরক্ষিত ও সাধারণ সদস্য পদে দাখিলের সুযোগ নেই। |
| ৩. | ফরিদপুর | চরভদ্রাসন | চরঝাউকান্দি | ২৮/১১/২০২১ (৩য়ধাপ) | ২৬/১০/২০২১ ভোটগ্রহণের ৩৩ দিন পূর্বে। ভোটার তালিকা পুনর্বিন্যাস সম্পন্ন করার পর নির্বাচন অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ভোটার তালিকা পুনর্বিন্যাস সম্পন্ন হওয়ায় সকল পদে মনোনয়নপত্র দাখিলের সুযোগ দিয়ে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। তবে ইতঃপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়ন দাখিলের প্রয়োজন হবেনা। |
| ৪. | ভোলা | চরফ্যাশন | ঢালচর | ২৮/১১/২০২১ (৩য়ধাপ) | ৩১/১০/২০২১ ভোটগ্রহণের ২৮ দিন পূর্বে। ভোটার তালিকা পুনর্বিন্যাস সম্পন্ন করার পর নির্বাচন অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় উক্ত ইউনিয়ন তফসিল হতে বাদ দেয়া হয়েছিল। | ভোটার তালিকা পুনর্বিন্যাস সম্পন্ন হওয়ায় সকল পদে মনোনয়নপত্র দাখিলের সুযোগ দিয়ে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। তবে ইতঃপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়ন দাখিলের প্রয়োজন হবেনা। |

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়নের নাম | স্থগিতকালে ভোটগ্রহণের তারিখ | স্থগিতের তারিখ, পর্যায় ও কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৫. | সিলেট | জকিগঞ্জ | সুলতানপুর | ০৫/০১/২০২২ (৫মধাপ) ১টি কেন্দ্র ব্যতীত ভোটগ্রহণ। | মাননীয় হাইকোর্টের ৩১/০১/২২ তারিখের আদেশের প্রেক্ষিতে ৮/৩/২০২২ তারিখে ফলাফল বাতিল করা হয়। | রিট পিটিশন নং-১০২৩/২০২২ এ মাননীয় হাইকোর্টের আদেশের প্রেক্ষিতে নতুন করে নির্বাচনের তফসিল ঘোষণা করতে হবে। তবে ইতোপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছেন তাদের নতুন করে দাখিলের প্রয়োজন হবেনা। |
| ৬. | | | | | | |
| ৭. | | | কাজলসার | ০৫/০১/২০২২ (৫মধাপ) | ০৫/০১/২০২২ ভোট গ্রহণের দিন স্থগিত। | সকল পদে পুনরায় ভোট গ্রহণের ব্যবস্থা করতে হবে। |
| ৮. | ব্রাহ্মণবাড়িয়া | সদর | নাটাই (দক্ষিণ) | ০৫/০১/২০২২ (৫মধাপ) | ০১/১২/২০২১ ভোটগ্রহণের ৩৫ দিন পূর্বে। ১ম সভার তারিখ হতে ৫ বছর ০৪/০৬/২০২২ | সকল পদে মনোনয়নপত্র দাখিলের সুযোগ দিয়ে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। তবে ইতোপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়ন দাখিলের প্রয়োজন হবেনা। |
| ৯. | কুমিল্লা | দেবিদ্বার | ভানী | ০৭/০২/২০২২ (সর্বশেষ ধাপ) | ০৬/০২/২০২২ ভোটগ্রহণের ০১ দিন আগে স্থগিত। চেয়ারম্যান পদে ০১ জন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর মৃত্যুজনিত কারণে সকল পদের নির্বাচন স্থগিত করা হয়। | চেয়ারম্যান পদে মনোনয়নপত্র দাখিলের সুযোগ দিয়ে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। তবে ইতোপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়ন দাখিলের প্রয়োজন হবেনা। |

( মোঃ মিজানুর রহমান )
উপসচিব (নির্বাচন প্রশাসন)।

সংলগ্নী-২

## সম্পূর্ণ ইউনিয়নের নির্বাচন বাতিল করার কারণে পুনঃতফসিলের প্রয়োজন হবে এমন ইউনিয়নের বিবরণী

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়নের নাম | পূর্বের ভোটগ্রহণের তারিখ | বাতিল আদেশের তারিখ ও পর্যায় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | চাঁপাইনবাবগঞ্জ | শিবগঞ্জ | দুর্লভপুর | ২৮/১১/২০২১ (৩য় ধাপ) | ৩১/১০/২০২১ ভোট গ্রহণের ২৮দিন পূর্বে। রিট পিটিশন নং-৫৫৪৮/২০২১ এর ২৭/০৬/২০২১ তারিখের আদেশে পিটিশনার কর্তৃক দাখিলী আবেদন নিস্পত্তি ব্যতিরেকে নির্বাচন অনুষ্ঠান করা হলে আইনী জটিলতা সৃষ্টির আশংকা থাকায় | নতুন করে সময়সূচি জারি করে সকল পদে মনোনযনপত্র আহবান করত নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। তবে ইতোপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়ন দাখিলের প্রয়োজন হবেনা। |
| ২. | শরীয়তপুর | সদর | চিতলিয়া | ১১/১১/২০২১ (২য়ধাপ) | ০৮/১১/২০২১ ভোট গ্রহণের ০৩দিন পূর্বে। | উক্ত ইউনিয়নের নির্বাচনের তফসিল বাতিল করা হয়েছে। নতুনভাবে পুনঃতফসিলের মাধ্যমে নির্বাচন সম্পন্ন করতে হবে। ইতঃপূর্বে যেসকল প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের পুনরায় মনোনয়নপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে ইতঃপূর্বে মনোনয়নপত্র দাখিলকারীদের জামানতের অর্থ ফেরত প্রদান করার প্রয়োজন হবে। |

২৮/০৪/২২

( মোঃ মিজানুর রহমান )
উপসচিব (নির্বাচন প্রশাসন)

https://d.docs.live.net/0b883ea95a5ff40c/Desktop/UP-Election-15 June-2022/Annex-2-2022-04-28_18-23-02_3.docx

## তফসিল ঘোষণার পর ভোটগ্রহণের কয়েকদিন পূর্বে নির্বাচন স্থগিত করার ফলে পুনরায় নির্বাচনের প্রয়োজন হবে এমন ইউনিয়নের বিবরণী

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়নের নাম | স্থগিতকালে ভোট গ্রহণের তারিখ | স্থগিতের তারিখ, পর্যায় ও কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | দিনাজপুর | সদর | চেহেলগাজী | ৩১/০১/২০২২ (৬ষ্ঠ ধাপ) | ৩০/০১/২০২২ ভোটগ্রহণের ০১ দিন পূর্বে। আদালতের আদেশে প্রতিদ্বন্দ্বী প্রার্থী অন্তর্ভুক্ত করার লক্ষ্যে স্থগিত করা হয়েছে। | মাননীয় আদালতের আদেশ যাচাই করে, কোন জটিলতা না থাকলে যে পর্যায় থেকে স্থগিত করা হয়েছিল সে পর্যায় থেকে শুরু করে ইভিএম কাস্টমাইজেশন ও অন্যান্য কার্যক্রম পদ্ধতিগতভাবে সম্পাদনকরত নির্বাচন সম্পন্ন করতে হবে। |
| ২. | জয়পুরহাট | পাঁচবিবি | আওলাই | ০৭/০২/২০২২ (সর্বশেষ ধাপ) | ০৬/০২/২০২২ ভোটগ্রহণের ০১ দিন পূর্বে। | যে পর্যায় থেকে স্থগিত করা হয়েছিল সে পর্যায় থেকে শুরু করে পদ্ধতিগতভাব সমুদয় কার্যক্রম সম্পাদনকরত নির্বাচন সম্পন্ন করতে হবে। |
| ৩. | মাগুরা | সদর | বগিয়া | ১১/১১/২০২১ (২য় ধাপ) | ১০/১১/২০২১ ভোটগ্রহণের ০১ দিন পূর্বে। | স্থানীয় সরকার বিভাগ কর্তৃক মাননীয় হাইকোর্টের আদেশ বাস্তবায়ন সাপেক্ষে যে পর্যায় থেকে স্থগিত করা হয়েছিল সে পর্যায় থেকে শুরু করে পদ্ধতিগতভাব সমুদয় কার্যক্রম সম্পাদনকরত নির্বাচন সম্পন্ন করতে হবে। |
| ৪. | চাঁদপুর | সদর | হানারচর | ১১/১১/২০২১ (২য় ধাপ) | ১০/১১/২০২১ ভোটগ্রহণের ০১ দিন পূর্বে। | মাননীয় আদালতের আদেশ যাচাই করে, কোন জটিলতা না থাকলে যে পর্যায় থেকে স্থগিত করা হয়েছিল সে পর্যায় থেকে শুরু করে পদ্ধতিগতভাব সমুদয় কার্যক্রম সম্পাদনকরত নির্বাচন সম্পন্ন করতে হবে। |
| ৫. | | মতলব উত্তর | জহিরাবাদ | ২৮/১১/২০২১ (৩য় ধাপ) | ১৫/১১/২০২১ ভোটগ্রহণের ১৩ দিন পূর্বে। রিট পিটিশন নং ৭১৪০/২০২১ এর ১২/৯/২১ তারিখের আদেশ প্রতিপালনার্থে। | মাননীয় হাইকোর্টের আদেশ তিপালনা সাপেক্ষে যে পর্যায় থেকে স্থগিত করা হয়েছিল সে পর্যায় থেকে শুরু করে পদ্ধতিগতভাব সমুদয় কার্যক্রম সম্পাদনকরত নির্বাচন সম্পন্ন করতে হবে। |
| ৬. | সিলেট | গোলাপগঞ্জ | বুধবারীবাজার | ২৬/১২/২০২১ (৪র্থ ধাপ) | ০৭/১২/২০২১ ভোটগ্রহণের ১৯ দিন পূর্বে। | যে পর্যায় থেকে স্থগিত করা হয়েছিল সে পর্যায় থেকে শুরু করে পদ্ধতিগতভাব সমুদয় কার্যক্রম সম্পাদনকরত নির্বাচন সম্পন্ন করতে হবে। |
| ৭. | | | | | | |

২৮/০৪/২২

( মোঃ মিজানুর রহমান )
উপসচিব (নির্বাচন প্রশাসন)

(একই নম্বর স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১২.২২-২৭৮

তারিখ: ১২ বৈশাখ ১৪২৯ / ২৫ এপ্রিল ২০২২

**বিষয়: ইউনিয়ন পরিষদের উপনির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে মাননীয় নির্বাচন কমিশন ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্য পদে উপনির্বাচন (সংলগ্নী-১) অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নরূপভাবে সময়সূচি নির্ধারণ করেছেন:

| | | |
|---|---|---|
| মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৭ মে ২০২২ |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৯ মে ২০২২ |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৬ মে ২০২২ |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **১৫ জুন ২০২২** |

২। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম :** উল্লিখিত সময়সূচি অনুযায়ী বিধি ১৫ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের শেষ তারিখ **২২ মে ২০২২** এবং দায়েরকৃত আপিল **২৫ মে ২০২২** তারিখের মধ্যে নিষ্পত্তি করতে হবে। তাছাড়া প্রার্থিতা প্রত্যাহারের জন্য শেষ তারিখ **২৬ মে ২০২২** এবং পরের দিন অর্থাৎ **২৭ মে ২০২২ তারিখে প্রতীক বরাদ্দের** কার্যক্রম সম্পন্ন করতে হবে। মনোনয়ন ও প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম উল্লিখিত সময়সূচির সাথে সমন্বয় করে সম্পন্ন করতে হবে।

৩। **রিটার্নিং অফিসার নিয়োগ** : স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি অনুসারে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তাকে নির্বাচন পরিচালনার উদ্দেশ্যে, প্রতিটি ইউনিয়ন পরিষদের জন্য সংশ্লিষ্ট উপজেলা অফিসারকে বা, ক্ষেত্রমত পার্শ্ববর্তী উপজেলার উপজেলা নির্বাচন অফিসারকে রিটার্নিং অফিসার নিয়োগ করতে হবে।

৪। **আপিল কর্তৃপক্ষ নিয়োগ** : স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুযায়ি আপিল কর্তৃপক্ষ হিসেবে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা নিয়োজিত থাকবেন।

৫। **ভোটগ্রহণের সময়সীমা** : বর্ণিত তফসিল অনুসারে ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে বিরতিহীনভাবে ভোটগ্রহণ করা হবে।

৬। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা :** উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণের দিনসমূহ প্রতীক বরাদ্দসহ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, জেলা কর্মকর্তার অফিস ও উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে **সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি.** পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭। **স্বাস্থ্য বিধি ও সরকারি নির্দেশনা প্রতিপালন:** স্বাস্থ্য বিধি ও সরকারি নির্দেশনা প্রতিপালনের মাধ্যমে জনস্বাস্থ্য নিশ্চিত করে নির্বাচনি প্রচারণা, ভোটগ্রহণ ও নির্বাচনি অন্যান্য কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করতে হবে।

৮। **অন্যান্য নির্দেশনা :**

(ক) সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে যাবতীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

(খ) আইন, বিধি এবং ইতঃপূর্বে জারিকৃত পরিপত্র ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

৯। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসারে সংলগ্নী-১ এ উল্লিখিত ইউনিয়ন পরিষদের উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

24/4/2022

সংলগ্নী: উপরে বর্ণিত

**মোঃ আতিয়ার রহমান**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail:ecsemc2@gmail.com

১। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, ..................... (সংশ্লিষ্ট)
২। উপজেলা নির্বাহী অফিসার,.............................. (সংশ্লিষ্ট)
৩। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ................ (সংশ্লিষ্ট)

অফিসের ঠিকানাঃ | যোগাযোগঃ

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১২.২২-২৭৮

তারিখ: ১২ বৈশাখ ১৪২৯
২৫ এপ্রিল ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব,.......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৭. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, .......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
১০. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. প্রকল্প পরিচালক (আইডিইএ প্রকল্প, ২য় পর্যায়), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. বিভাগীয় কমিশনার, .......................... (সংশ্লিষ্ট) বিভাগ
১৪. প্রকল্প পরিচালক (ইভিএম প্রকল্প), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. পুলিশ কমিশনার, ..........................(সংশ্লিষ্ট)
১৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৮. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৯. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
২০. জেলা প্রশাসক, ......................................... (সংশ্লিষ্ট)
২১. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ........................... (সংশ্লিষ্ট)
২২. পুলিশ সুপার, .............................(সংশ্লিষ্ট)
২৩. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৪. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...................... (সংশ্লিষ্ট)
২৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................. এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৮. অফিসার-ইন-চার্জ, .....................................................(সংশ্লিষ্ট) থানা।

26/04/2022

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
Email: ecsemc2@gmail.com

# ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্য চেয়ারম্যান, সাধারণ ওয়ার্ডের সদস্য ও সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচনের বিবরণী

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ১. | পঞ্চগড় | তেঁতুলিয়া | দেবনগর | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২. | দিনাজপুর | চিরিরবন্দর | আলোকডিহি | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩. | রংপুর | তারাগঞ্জ | কুর্শা | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪. | রাজশাহী | চারঘাট | চারঘাট | চেয়ারম্যান |
| ৫. | চাঁপাইনবাবগঞ্জ | শিবগঞ্জ | শ্যামপুর | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬. | নাটোর | গুরুদাসপুর | চাপিলা | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭. | সিরাজগঞ্জ | কামারখন্দ | জামতৈল | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮. | কুষ্টিয়া | দৌলতপুর | আদাবাড়ীয়া | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৯. | | কুমারখালী | চরসাদীপুর | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১০. | ঝিনাইদহ | হরিণাকুন্ডু | ফলসী | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১১. | | | ভায়না | ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ১২. | যশোর | চৌগাছা | পাতিবিলা | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৩. | | অভয়নগর | সুন্দলী | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৪. | খুলনা | দিঘলিয়া | যোগীপোল | ২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ১৫. | বরগুনা | সদর | কেওড়াবুনিয়া | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৬. | | বেতাগী | কাজিরাবাদ | চেয়ারম্যান |
| ১৭. | ভোলা | চরফ্যাশন | চরমাদ্রাজ | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৮. | বরিশাল | বাবুগঞ্জ | চাঁদপাশা | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৯. | ঝালকাঠি | সদর | বাসন্ডা | চেয়ারম্যান |
| ২০. | পিরোজপুর | ভান্ডারিয়া | গৌরীপুর | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২১. | টাঙ্গাইল | দেলদুয়ার | আটিয়া | চেয়ারম্যান |
| ২২. | | ঘাটাইল | দেওপাড়া | ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ২৩. | | ধনবাড়ী | বীরতারা | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৪. | জামালপুর | সদর | রশিদপুর | চেয়ারম্যান |
| ২৫. | | সরিষাবাড়ী | মহাদান | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৬. | শেরপুর | নালিতাবাড়ী | পোড়াগাঁও | ২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ২৭. | ময়মনসিংহ | গফরগাঁও | টাংগাব | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৮. | কিশোরগঞ্জ | তাড়াইল | জাওয়ার | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৯. | | মিঠামইন | মিঠামইন | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩০. | নরসিংদী | বেলাবো | পাটুলী | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩১. | | রায়পুরা | চান্দেরকান্দি | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩২. | | | চরআড়ালিয়া | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৩. | রাজবাড়ী | গোয়ালন্দ | দৌলতদিয়া | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৪. | ফরিদপুর | সদর | অম্বিকাপুর | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৫. | | | চাঁদপুর | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৬. | | | মাচ্চর | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৭. | | আলফাডাংগা | বুড়াইচ | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৮. | গোপালগঞ্জ | কাশিয়ানী | রাজপাট | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৯. | শরীয়তপুর | গোসাইরহাট | সামন্তসার | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪০. | সিলেট | জৈন্তাপুর | জৈন্তাপুর | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪১. | ব্রাহ্মণবাড়িয়া | বাঞ্ছারামপুর | ফরদাবাদ | ২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৪২. | কুমিল্লা | দাউদকান্দি | ইলিয়টগঞ্জ দক্ষিণ | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৩. | | মুরাদনগর | শ্রীকাইল | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৪. | | দেবিদ্বার | গুনাইঘর দক্ষিণ | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৫. | চাঁদপুর | সদর | বালিয়া | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৬. | | কচুয়া | বিতারা | ২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৪৭. | লক্ষ্মীপুর | সদর | দত্তপাড়া | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৮. | | কমলনগর | হাজিরহাট | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৯. | | রামগতি | চর আলেকজান্ডার | চেয়ারম্যান |
| ৫০. | চট্টগ্রাম | পটিয়া | ছনহরা | চেয়ারম্যান |
| ৫১. | | আনোয়ারা | পরৈকোড়া | চেয়ারম্যান |
| ৫২. | রাঙ্গামাটি | সদর | কুতুকছড়ি | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |

(একই নম্বর স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১২.২২-২৭৭

তারিখ: ১২ বৈশাখ ১৪২৯
২৫ এপ্রিল ২০২২

**বিষয়ঃ ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচনি সময়সূচি, রিটার্নিং অফিসার নিয়োগ, মনোনয়নপত্র বাছাই, বাছাইয়ের বিরুদ্ধে আপিল নিস্পত্তি, রাজনৈতিক দলের প্রার্থী মনোনয়ন, প্রার্থীর যোগ্যতা-অযোগ্যতা ও প্রতীক বরাদ্দ এবং অন্যান্য কার্যক্রম গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী **১৫ জুন ২০২২** তারিখে ১৩৫টি ইউনিয়ন পরিষদের (পরিশিষ্ট-ক) চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচন **ইভিএম এর মাধ্যমে** অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। উল্লিখিত ইউনিয়ন পরিষদের নির্বাচনের জন্য সময়সূচি, রিটার্নিং অফিসার নিয়োগ, মনোনয়নপত্র বাতিল বা গ্রহণের বিরুদ্ধে আপিল নিস্পত্তির জন্য নির্ধারিত কর্মকর্তা, মনোনয়নপত্র আহ্বানের গণবিজ্ঞপ্তি জারি, নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক চেয়ারম্যান পদে মনোনয়ন, মনোনয়নপত্র দাখিল/গ্রহণ, বাছাই ইত্যাদি বিষয়ে মাননীয় নির্বাচন কমিশন বিভিন্ন নির্দেশনা প্রদান করেছেন। নিম্নে বিভিন্ন নির্দেশাবলী উল্লেখ করা হলো :

২। **নির্বাচনি সময়সূচি:** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী মাননীয় নির্বাচন কমিশন ১৩৫টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নলিখিত সময়সূচি ধার্য করার জন্য নির্দেশ দিয়েছেন:

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৭ মে ২০২২ |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৯ মে ২০২২ |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৬ মে ২০২২ |
| (ঘ) | ভোটগ্রহণের তারিখ | : | **১৫ জুন ২০২২** |

**ভোটগ্রহণের সময়সীমা: সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত**

৩। **প্রার্থিতা বিষয়ক কার্যক্রম :** উল্লিখিত সময়সূচি অনুযায়ী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের শেষ তারিখ **২২ মে ২০২২** এবং দায়েরকৃত আপিল **২৫ মে ২০২২ তারিখের মধ্যে** নিস্পত্তি করতে হবে। তাছাড়া **২৭ মে ২০২২ তারিখে প্রতীক বরাদ্দের** কার্যক্রম সম্পন্ন করতে হবে। মনোনয়ন ও প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম উল্লিখিত সময়সূচির সাথে সমন্বয় করে সম্পন্ন করতে হবে।

৪। **সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার কর্তৃক সময়সূচির প্রজ্ঞাপন জারিঃ** নির্বাচন কমিশন কর্তৃক নির্দেশিত উপরি উল্লিখিত নির্বাচনি সময়সূচি অনুযায়ী সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারগণ এতদসংগে সংযোজিত নমুনায় (পরিশিষ্ট-খ) প্রজ্ঞাপন জারি করে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করার ব্যবস্থা করবেন।

৫। **রিটার্নিং অফিসার নিয়োগ:** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি অনুসারে সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার রিটার্নিং অফিসার নিয়োগ করবেন। সময়সূচির প্রজ্ঞাপন জারির পূর্বেই রিটার্নিং অফিসার নিয়োগ করতে হবে।

৬। **নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন স্থানীয়ভাবে প্রকাশঃ** নির্বাচন কমিশন কর্তৃক নির্দেশিত এবং সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার কর্তৃক ধার্যকৃত নির্বাচনি সময়সূচি সম্বলিত প্রজ্ঞাপনটি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ের নোটিশ বোর্ডে, ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ড এলাকার কতিপয় গুরুত্বপূর্ণ ও প্রকাশ্য স্থানে এবং রিটার্নিং অফিসারের কার্যালয়ে স্থানীয়ভাবে টাংগাইয়া প্রকাশ করতে হবে।

৭। **রিটার্নিং অফিসার কর্তৃক নির্বাচনি সময়সূচির বিজ্ঞপ্তি জারিকরণঃ** সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারের নিকট হতে প্রাপ্ত নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন স্থানীয়ভাবে প্রকাশের পর রিটার্নিং অফিসারগণকে পরিচালনা বিধিমালার বিধি ১১ অনুসারে প্রার্থীদের নিকট হতে মনোনয়নপত্র দাখিলের আহ্বান জানিয়ে মনোনয়নপত্র দাখিলের সময়সীমা এবং রিটার্নিং অফিসার কর্তৃক কোথায় মনোনয়নপত্র গৃহীত হবে তা উল্লেখ করে স্থানীয়ভাবে বিজ্ঞপ্তি জারি করতে হবে। উক্ত বিজ্ঞপ্তি জারির সুবিধার্থে একটি নমুনা এতদসংগে সংযোজন করা হল (পরিশিষ্ট-গ)।

৮। **চেয়ারম্যান পদে দলীয় মনোনয়নঃ** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০১৫ (২৫ সনের ২৮ নং আইন) আইন অনুসারে চেয়ারম্যান পদে দলীয়ভাবে মনোনয়নের বিধান রয়েছে। এ প্রসঙ্গে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) বিধিমালা, ২০১০ এর বিধি ১২ এর উপবিধি (৩) এর দফা (ঈ) নিম্নে উদ্ধৃত করা হলোঃ

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭
যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd
G:\UP General Elections-2021-2022\UP Election Schedule_15.06.2022\UP General Election\UP Election Schedule_15.06.2022.doc

"(ঈ) রাজনৈতিক দলের চেয়ারম্যান প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে;

তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন ইউনিয়ন পরিষদে চেয়ারম্যান পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল উহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ০৭ (সাত) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করিবে;"

উক্ত বিধান অনুসারে নিবন্ধিত রাজনৈতিক দল চেয়ারম্যান পদে মনোনয়পত্র (ফরম-১) এর সংযুক্তি-১ অনুসারে মনোনয়ন প্রদান করবেন। নিবন্ধিত রাজনৈতিক দলের প্রতীকসহ তালিকা এতদসংগে প্রেরণ করা হলো (পরিশিষ্ট-ঘ)।

৯। **প্রার্থির প্রস্তাবক ও সমর্থকঃ** বিধি ১২ এর উপবিধি (১) অনুসারে (১)চেয়ারম্যান নির্বাচনের উদ্দেশ্যে, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের অন্য কোন ভোটার, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২৬(১) এর অধীন চেয়ারম্যান নির্বাচিত হওবার যোগ্যতাসম্পন্ন যে কোন ব্যক্তির নাম প্রস্তাব করতে বা অনুরুপ প্রস্তাব সমর্থন করতে পারবেন। উপবিধি (২) ধারা ২৬(১) এর অধীন সদস্যরুপে নির্বাচিত হওবার যোগ্যতা থাকলে-

(ক) ধারা ১০ এ উল্লিখিত সংরক্ষিত আসনের সদস্য পদের জন্য ধারা ৩ এর অধীন বিভক্তিকৃত কোন সমন্বিত ওয়ার্ডের যে কোন ভোটার উক্ত সমন্বিত ওয়ার্ডের সংরক্ষিত আসনের সদস্য নির্বাচনের উদ্দেশ্যে যে কোন মহিলার নাম প্রস্তাব করতে বা অনুরুপ প্রস্তাব সমর্থন করতে পারবেন;

(খ) ধারা ১০ এ উল্লিখিত নির্ধারিত সংখ্যক সদস্য পদের জন্য ধারা ৩ এর অধীন বিভক্তিকৃত কোন ওয়ার্ডের যে কোন ভোটার উক্ত ওয়ার্ডের সদস্য নির্বাচনের উদ্দেশ্যে অন্য কোন ব্যক্তির নাম প্রস্তাব করতে বা অনুরুপ প্রস্তাব সমর্থন করতে পারবেন।

তবে, উপবিধি (৪) অনুসারে কোন ভোটার প্রস্তাবকারী হিসেবে অথবা সমর্থনকারী হিসেবে চেয়ারম্যান অথবা সংরক্ষিত আসনের সদস্য বা সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট পদে একটির অধিক মনোনয়নপত্রে তার নাম ব্যবহার করবেন না এবং যদি কোন ভোটার একই পদে অনুরূপ একাধিক মনোনয়নপত্রে তার নাম ব্যবহার করেন, তা হলে এইরূপ সকল মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। **মনোনয়নপত্র বাছাইয়ের পর আপিল দায়ের ও নিষ্পত্তিঃ** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৪ এর অধীন মনোনয়নপত্র বাছাইয়ের পর বিধি ১৫ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ বা বাছাইয়ের বিরুদ্ধে সংক্ষুব্ধ প্রার্থী, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি বাছাইয়ের নির্ধারিত তারিখের পরবর্তী ০৩(তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার এর নিকট আপিল দাখিল করতে পারবেন এবং আপিল কর্তৃপক্ষ হিসেবে সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারগণ কর্তৃক আপিল দায়েরের নির্ধারিত তারিখের পরবর্তী ০৩(তিন) দিনের মধ্যে আপিল নিষ্পত্তি করার বিধান রয়েছে। উল্লেখ্য যে, উল্লিখিত ইউনিয়ন পরিষদের নির্বাচনের সময়সূচির আলোকে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল দায়েরের শেষ দিন **২২ মে ২০২২ তারিখ**। দায়েরকৃত আপিল **২৫ মে ২০২২ তারিখে নিষ্পত্তি করার জন্য** মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

১১। **প্রতীক বরাদ্দের প্রত্যয়ন :** বিধি ১৯ অনুসারে রিটার্নিং অফিসার সময়সূচি মোতাবেক প্রতীক বরাদ্দ করিবেন। প্রতীক বরাদ্দের পর সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এবং জেলা নির্বাচন অফিসারকে তা যাচাই করে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। প্রতীক বরাদ্দের পর প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা, প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের প্রচার সামগ্রী যাচাই করে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এবং সিনিয়র/জেলা নির্বাচন অফিসার যাচাই করবেন। সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা এ বিষয়ক কার্যক্রম গুরুত্বের সাথে তত্ত্বাবধান করবেন।

১২। **স্বাস্থ্য বিধি ও সরকারি নির্দেশনা প্রতিপালন**: স্বাস্থ্য বিধি ও সরকারি নির্দেশনা প্রতিপালনের মাধ্যমে জনস্বাস্থ্য নিশ্চিত করে নির্বাচনি প্রচারণা, ভোটগ্রহণ ও নির্বাচনি অন্যান্য কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান এবং ইতঃপূর্বে অনুষ্ঠিত জাতীয় সংসদের শূন্য আসনের নির্বাচন উপলক্ষে প্রদত্ত নির্দেশনার আলোকে প্রচার কার্যে নিষেধাজ্ঞা আরোপ ও অন্যান্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৩। **রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলঃ** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২ অনুসারে মনোনয়নপত্র দাখিলের দিন প্রার্থী নিজে অথবা তার প্রস্তাবক অথবা তার সমর্থক রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিল করতে পারবেন। মনোনয়নপত্র দাখিলের পর পরই রিটার্নিং অফিসার মনোনয়নপত্র গ্রহণের দিন ও সময় উল্লেখ করে মনোনয়নপত্র দাখিলকারীকে একটি রসিদ (প্রাপ্তি স্বীকার পত্র) প্রদান করবেন। উক্ত রসিদে কোথায়, কোন তারিখ ও কোন সময়ে মনোনয়নপত্র বাছাইয়ের স্থান, তারিখ ও সময় উল্লেখ থাকবে। এই রসিদ মনোনয়নপত্রের সাথে সংযোজিত রয়েছে।

১৪। **মনোনয়নপত্র ও তার সাথে দাখিলকৃত কাগজাদিঃ** আইনের ধারা ২৬ এর বিধান সাপেক্ষে, বিধিমালার বিধি ১২ এর উপবিধি (৩) অনুসারে-

(ক) চেয়ারম্যান নির্বাচনের জন্য ফরম 'ক', সংরক্ষিত ওয়ার্ডের সদস্য নির্বাচনের জন্য ফরম 'ক-১' এবং সাধারণ ওয়ার্ডের সদস্য নির্বাচনের জন্য ফরম 'ক-২' অনুসারে মনোনয়নপত্র দাখিল করতে হবে। ইউনিয়ন পরিষদ নির্বাচনে কমপক্ষে ২ সেট মনোনয়নপত্র দাখিল করতে হবে।

(খ) মনোনয়নপত্র প্রস্তাবকারী এবং সমর্থনকারী কর্তৃক স্বাক্ষরিত হতে হবে; এবং

(গ) মনোনয়নপত্র নিম্নবর্ণিত কাগজপত্রসহ দাখিল করতে হবে, যথা:-

(অ) বিধি ১৩ অনুসারে জামানতের টাকা জমাদানের প্রমাণ হিসেবে রিটার্নিং অফিসারের অনুকূলে প্রদেয় ব্যাংক ড্রাফট অথবা ট্রেজারি চালান বা পে-অর্ডার;

(আ) উক্ত মনোনয়নে সংশ্লিষ্ট প্রার্থী সম্মত আছেন এবং নির্বাচনে অংশগ্রহণের ক্ষেত্রে আইনের ধারা ২৬(২) বা আপাতত বলবৎ অন্য কোন আইনে তিনি অযোগ্য নন মর্মে তাঁর স্বাক্ষরিত প্রত্যয়নপত্র; এবং

(ই) প্রস্তাবকারী ও সমর্থনকারীদের কেহ প্রস্তাবকারী বা সমর্থনকারী হিসেবে একই পদে অন্য কোন মনোনয়নপত্রে স্বাক্ষর দান করেন নাই;

(ঈ) চেয়ারম্যান পদের ক্ষেত্রে নিবন্ধিত রাজনৈতিক দলের প্রার্থী হলে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাদের নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, স্বাক্ষর ও সিলমোহরযুক্ত দলীয় মনোনয়ন।

১৫। **মনোনয়নপত্র দাখিলোত্তর করণীয়ঃ** প্রতিটি মনোনয়নপত্র সংশ্লিষ্ট প্রার্থী বা প্রস্তাবকারী বা সমর্থনকারী কর্তৃক উহা দাখিলের নির্ধারিত একটি তারিখে বা উহার পূর্বে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিতে হইবে এবং রিটার্নিং অফিসার উহা প্রাপ্তির তারিখ ও সময় মনোনয়নপত্রের উপর লিপিবদ্ধ করিয়া প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করিবেন। তাছাড়া-

(ক) কোন ব্যক্তি একই নির্বাচনি এলাকার জন্য একাধিক মনোনয়নপত্র দাখিল করিতে পারিবেন এবং মনোনয়নপত্র রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিতে হইবে।

(খ) কোন ব্যক্তি একাধিক মনোনয়নপত্রে স্বাক্ষর দান করিলে রিটার্নিং অফিসার কর্তৃক প্রাপ্ত প্রথম বৈধ মনোনয়নপত্র ব্যতীত অন্য সকল মনোনয়নপত্র বাতিল হইয়া যাইবে।

(গ) রিটার্নিং অফিসার প্রত্যেক মনোনয়নপত্রে একটি ক্রমিক নম্বর দিবেন এবং উহাতে দাখিলকারীর নাম এবং প্রাপ্তির তারিখ ও সময় লিপিবদ্ধ করিবেন এবং তিনি কখন ও কোথায় মনোনয়নপত্র বাছাই করিবেন তাহা উক্ত ব্যক্তিকে অবহিত করিবেন।

উল্লিখিত বিষয়াদি প্রার্থীদের জানিয়ে দিতে হবে।

১৬। **মনোনয়নপত্র দাখিলকারীদের তালিকা প্রস্তুতঃ** রিটার্নিং অফিসার কর্তৃক চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য পদের মনোনয়নপত্র দাখিলকারীদের তথ্যাদি ফরম-গ অনুসারে প্রস্তুত করে তাঁর কার্যালয়ে সহজে দৃষ্টিগোচর হয় এমন কোন স্থানে টাংগিয়ে দিবেন। প্রস্তুতকৃত তালিকা ব্যাংক কর্তৃপক্ষ বা অন্যদের প্রয়োজনে সরবরাহ করবেন।

১৭। **জামানতঃ** ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে জামানত হিসেবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং সদস্য নির্বাচনের ক্ষেত্রে (সংরক্ষিত ওয়ার্ডের সদস্য/সাধারণ ওয়ার্ডের সদস্য) ১,০০০/- (এক হাজার) টাকা রিটার্নিং অফিসারের অনকূলে জমাদানের প্রমাণস্বরূপ ট্রেজারি চালান বা কোন তফসিলি ব্যাংকের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট রিটার্নিং অফিসার প্রদত্ত রসিদ জমা দিতে হবে। কোন প্রার্থীর অনুকূলে একাধিক মনোনয়নপত্র দাখিল হলে, একাধিক জামানতের প্রয়োজন হবে না;

(১) বিধিমালার বিধি ১৩ এর উপবিধি (১) এ উল্লিখিত টাকা জমা দেয়া না হলে, রিটার্নিং অফিসার কোন মনোনয়নপত্র গ্রহণ করবেন না।

(২) রিটার্নিং অফিসার জমাকৃত টাকা সম্পর্কিত তথ্যাদি ফরম 'খ' অনুসারে রেজিস্টারে লিপিবদ্ধ করবেন।

(৩) প্রার্থী জামানতের টাকা "৬/০৬০১/০০০১/৮৪৭৩" কোডে জমা দিবেন।

১৮। **মনোনয়নপত্র বাছাইঃ** (১) রিটার্নিং অফিসার বিধি ১৪ অনুসারে সকল মনোনয়নপত্র বাছাই করবেন। মনোনয়নপত্রসমূহ বাছাই করার সময় প্রার্থীগণ, তাদের নির্বাচনি এজেন্ট, প্রস্তাবকারী ও সমর্থনকারী এবং প্রত্যেক প্রার্থী কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তি উপস্থিত থাকতে পারবেন এবং রিটার্নিং অফিসার বিধি ১২ এর অধীন তার নিকট দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ পরীক্ষার জন্য তাদেরকে যুক্তিসংগত সুযোগ প্রদান করবেন।

(২) রিটার্নিং অফিসার বিধি ১৪ এর উপবিধি (১) এর অধীন বাছাইয়ের সময় উপস্থিত ব্যক্তিগণের সম্মুখে মনোনয়নপত্রসমূহ পরীক্ষা করবেন এবং উক্তরূপ কোন ব্যক্তি কর্তৃক কোন মনোনয়ন পত্রের ক্ষেত্রে উত্থাপিত আপত্তি নিষ্পত্তি করবেন।

(৩) মনোনয়নপত্রসমূহ বাছাই এর প্রাক্কালে যাতে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা/প্রতিনিধি ঋণ খেলাপিদের তথ্য নিয়ে, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ফৌজদারি মামলা সম্পর্কিত তথ্য নিয়ে, জাতীয় রাজস্ব বোর্ডের স্থানীয় প্রতিনিধি সম্পদ বিবরণীর তথ্যসহ, স্থানীয় ইউনিয়ন পরিষদ প্রতিনিধিদের আর্থিক সংশ্লেষ আছে এমন ব্যক্তিদের তথ্য নিয়ে বা ঠিকাদারদের তালিকা নিয়ে রিটার্নিং অফিসারের কার্যালয়ে উপস্থিত থাকেন, সে জন্য রিটার্নিং অফিসার কর্তৃক তাঁদের/তাঁদের প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করতে হবে। উল্লিখিত ব্যক্তিবর্গের প্রদত্ত তথ্যের ভিত্তিতে মনোনয়নপত্রসমূহ পরীক্ষা করতে হবে।

১৯। **মনোনয়নপত্র বাছাই এর সময় রিটার্নিং অফিসার কর্তৃক যাচাই-বাছাইয়ের বিষয় ও দলিলাদিঃ** ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক কোন ব্যক্তিকে ঋণ খেলাপি হিসেবে চিহ্নিত করলে আইনের ২০ ধারার (২) উপ-ধারার (ঠ), (ঢ) (ণ) অনুসারে আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হয়ে সাজাপ্রাপ্ত হয়ে ৫ বৎসর অতিবাহিত না হয়ে থাকে, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ঠিকাদার বা আর্থিক সংশ্লেষ আছে এমন ব্যক্তিদের এবং যারা সাজাপ্রাপ্ত হয়েছেন রিটার্নিং অফিসার তাঁদের মনোনয়নপত্র বাতিল করে দিবেন। এছাড়াও রাজনৈতিক দলের মনোনীত চেয়ারম্যান প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি, সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত প্রত্যয়নপত্র যাচাই করতে হবে। কোন রাজনৈতিক দল কোন ইউনিয়ন পরিষদে চেয়ারম্যান পদে একাধিক ব্যক্তিকে

মনোনয়ন প্রদান করতে পারবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

২০। **মনোয়নপত্র বাছাইকালে রিটার্নিং অফিসারকে সহায়তা প্রদানঃ** মনোনয়নপত্র বাছাইকালে সংশ্লিষ্ট সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারগণ ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ এলাকাভুক্ত উপজেলা নির্বাচন অফিসারগণ রিটার্নিং অফিসারকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন। তাছাড়া মনোনয়নপত্র গ্রহণ ও বাছাইকালে এবং অন্যান্য সময়ে রিটার্নিং অফিসারের সাথে প্রয়োজনে স্থানীয় প্রশাসনের অথবা অন্য মন্ত্রণালয় অথবা বিভাগের কয়েকজন কর্মকর্তাকে সহায়তাকারী কর্মকর্তা হিসেবে নিয়োজিত করতে পারবেন। উক্ত কর্মকর্তা নিয়োজিত করার পূর্বেই প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে।

২১। **মনোনয়নপত্র বাতিলের পদ্ধতিঃ** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ১৪ বিধির (৩) উপবিধি অনুসারে রিটার্নিং অফিসার স্বউদ্যোগে অথবা বিধি ১৪ এর উপবিধি (১) এ উল্লিখিত কোন ব্যক্তির আপত্তির প্রেক্ষিতে তদ্‌বিবেচনায় উপযুক্ত অথবা সংক্ষিপ্ত তদন্ত অনুষ্ঠানের পর যে কোন মনোনয়নপত্র বাতিল করতে পারবেন, যদি তিনি সন্তুষ্ট হন যে,-

(ক) প্রার্থী চেয়ারম্যান বা সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য হিসেবে মনোনীত হওয়ার যোগ্য নহেন; বা

(খ) প্রস্তাবকারী বা সমর্থনকারী মনোনয়নপত্রে স্বাক্ষর করার যোগ্য নহেন; বা

(গ) বিধি ১২ বা বিধি ১৩ এর কোন বিধান পালন করা হয়নি; বা

(ঘ) প্রস্তাবকারী বা সমর্থনকারীর স্বাক্ষর সঠিক নয়;

তবে,

(অ) বাতিলকৃত কোন মনোনয়নপত্র কোন প্রার্থীর বৈধ মনোনয়নপত্রকে অবৈধ করবে না;

(আ) রিটার্নিং অফিসার গুরুতর নয় এরূপ কোন ত্রুটির কারণে কোন মনোনয়নপত্র বাতিল করবেন না এবং অনুরূপ ত্রুটি অবিলম্বে সংশোধন করার জন্য সুযোগ প্রদান করতে পারবেন; এবং

(ই) রিটার্নিং অফিসার ভোটার তালিকায় লিপিবদ্ধ কোন বিষয়ের শুদ্ধতা বা বৈধতা সম্পর্কে তদন্ত করতে পারবেন না।

২২। **মনোনয়নপত্র গ্রহণ বা বাতিলের সিদ্ধান্ত লিপিবদ্ধকরণঃ** রিটার্নিং অফিসার প্রতিটি মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল করে তার সিদ্ধান্ত প্রত্যয়ন করবেন এবং বাতিলের ক্ষেত্রে উহার কারণ সম্পর্কে একটি সংক্ষিপ্ত বর্ণনা লিপিবদ্ধ করবেন।

২৩। **সাপ্তাহিক ও সরকারী ছুটির দিনে অফিস খোলা রাখাঃ** ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ পর্যন্ত এবং মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ হতে ভোটগ্রহণের দিন পর্যন্ত শুক্রবার ও শনিবারসহ সকল সরকারী ছুটির দিনে ও কার্যদিবসে সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত এবং প্রয়োজনবোধে বিকাল ৫.০০ টার পরেও রিটার্নিং অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারের কার্যালয় এবং আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়সহ নির্বাচন সংশ্লিষ্ট সকল অফিস খোলা রেখে কার্যক্রম গ্রহণ করবেন। সেই সাথে জরুরী প্রয়োজনে অন্যান্য সরকারী, স্বায়ত্তশাসিত অফিস/প্রতিষ্ঠান এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান খোলা রেখে উল্লিখিত কাজে সহায়তা প্রদানের জন্যও অনুরোধ জানাতে হবে।

২৪। **মাননীয় আদালতের নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ/আদেশ প্রতিপালনঃ** কোন ইউনিয়নের চেয়ারম্যান বা ওয়ার্ড এর সদস্য পদের নির্বাচনের বা প্রার্থিতার বিষয়ে মাননীয় আদালত কোন আদেশ প্রদান করলে আদেশ অনুসারে রিটার্নিং অফিসার ব্যবস্থা গ্রহণ করবেন। তবে মাননীয় আদালতের আদেশ সম্পর্কে নিশ্চিত হয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাননীয় আদালতের আদেশের উপর ভিত্তি করে বিজ্ঞ এডভোকেট কোন প্রত্যয়ন পত্র প্রদান করলে প্রত্যয়ন পত্রে উল্লিখিত আদেশ নিশ্চিত হয়ে প্রয়োজনে প্রত্যয়নপত্র প্রদানকারী এডভোকেটের সহিত আলাপ করে নিশ্চিত হতে হবে। মাননীয় আদালতের আদেশ বিজ্ঞ এডভোকেটের প্রদত্ত প্রত্যয়নপত্র গ্রহণযোগ্য হবে। মাননীয় আদালতের আদেশ প্রতিপালন করে তা অবশ্যই লিখিতভাবে নির্বাচন কমিশন সচিবালয়কে জানাতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার/রিটার্নিং অফিসার অত্র সচিবালয়ের আইন অনুবিভাগের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।

২৫। **সম্ভাব্য প্রার্থীদের নিয়ে বৈঠক অনুষ্ঠানঃ** ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র দাখিলের পূর্বে সম্ভাব্য প্রার্থীদের নিয়ে একটি বৈঠক অনুষ্ঠান করা যেতে পারে। উক্ত বৈঠকে মনোনয়নপত্র পূরণ, আচরণ বিধির বিভিন্ন বিষয়াদি সম্পর্কে ধারণা প্রদান, আচরণ বিধি লংঘনের শাস্তি, বিধিমালার বিধিতে বর্ণিত অপরাধসমূহ এবং অপরাধের দন্ড ইত্যাদি সম্মন্ধে ধারণা দিতে হবে। সর্বোপরি উক্ত বৈঠকে সকলকে সহযোগিতার আহবান জানাতে হবে। চেয়ারম্যান প্রার্থীগণ তাদের নির্বাচনি সমুদয় ব্যয় একটি নির্দিষ্ট ব্যাংক একাউন্ট হতে খরচ করতে হবে এবং নির্বাচনি ব্যয়ের রিটার্নের সাথে ব্যাংক বিবরণীও দেয়ার বিষয়টি জানিয়ে দিতে হবে। এইক্ষেত্রে চেয়ারম্যান প্রার্থীদের একটি ভিন্ন ব্যাংক একাউন্ট খুলতে হবে যা মনোনয়নপত্রে উল্লেখ করতে হবে। তবে সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য প্রার্থীদের ব্যাংক একাউন্ট খুলতে হবে না বা নির্বাচনি ব্যয়ের রিটার্ন জমা দিতে হবে না। সম্ভাব্য প্রার্থীদের উক্ত বৈঠক অনুষ্ঠানে সংশ্লিষ্ট জেলা প্রশাসক, পুলিশ সুপার, সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, উপজেলা নির্বাচন অফিসার, উপজেলা নির্বাহী অফিসার, ভারপ্রাপ্ত কর্মকর্তা, রিটার্নিং অফিসারগণ উপস্থিত থাকতে পারেন এবং দিক নির্দেশনা দিবে।

২৬। **ভোটার তালিকার সিডি বিক্রয়ঃ** আগ্রহী প্রার্থীকে মনোনয়পত্র সংগ্রহের সময় ছবিছাড়া ভোটার তালিকার ইলেকট্রনিক কপি ৫০০ (পাঁচশত) টাকা পরিশোধ সাপেক্ষে সরবরাহ করা যাবে। ৫০০(পাঁচশত) টাকা হারে চালান বা পে অর্ডার জমা দিয়ে রিটার্নিং অফিসারের নিকট হতে সংগ্রহ করতে হবে। ভোটার তালিকা সিডি ক্রয়ের অর্থ চালানে জমা দানের কোড **০১-০৬০১-০০০১-২৬৩১।** তবে কোন কারণে সম্পূরক সিডি প্রদানের প্রয়োজন হলে পুনরায় অর্থ গ্রহণ করা যাবে না।

২৭। **মনোনয়নপত্রের সাথে আচরণ বিধির কপি প্রদানঃ** ইউনিয়ন পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর কপি এতদসংগে সংযুক্ত করা হলো **(পরিশিষ্ট-৬)**। মনোনয়নপত্র সংগ্রহের সময় আচরণ বিধির কপি সংশ্লিষ্ট মনোনয়নপত্র গ্রহণকারীকে মনোনয়নপত্রের সাথে প্রদান করতে হবে।

২৮। **দেয়াল লিখন, পোস্টার ইত্যাদি মুছে/উঠিয়ে ফেলাঃ** যেহেতু ইতোমধ্যে ১৩৫টি ইউনিয়ন পরিষদসমূহের নির্বাচনি তফসিল ঘোষণা করা হয়েছে। ইতোমধ্যে যারা বা যাদের পক্ষে দেয়াল লিখন, পোস্টার ইত্যাদি লাগানো হয়েছে বা নববর্ষের শুভেচ্ছা, ঈদের শুভেচ্ছা বা ধর্মীয় অনুষ্ঠান বা অন্য কোন উপলক্ষে প্রচারণার আঙ্গিকে কার্যক্রম গ্রহণ করেছে তা ১৭ মে ২০২২ তারিখের মধ্যে নিজ দায়িত্বে মুছে বা তুলে ফেলার জন্য নির্বাচন কমিশন নির্দেশনা দিয়েছেন। ১৭ মে ২০২২ তারিখের পরে পোস্টার বা দেয়াল লিখন পাওয়া গেলে তার ছবি তারিখসহ তুলে রাখতে হবে এবং মনোনয়নপত্র দাখিল করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। একইভাবে পরবর্তীতে নির্দেশনা ও কার্যক্রম গ্রহণ করতে হবে।

২৯। **বিভিন্ন পরিপত্র, নির্দেশনা ইত্যাদি রিটার্নিং অফিসারকে সরবরাহ করাঃ** ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন হতে যে সকল পরিপত্র, আদেশ, নির্দেশ ইত্যাদি জারি করা হবে তা ইন্টারনেট এর মাধ্যমে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন অফিসার, উপজেলা নির্বাচন অফিসারদের নিকট এবং বিভাগীয় কমিশনার, উপমহাপুলিশ পরিদর্শক, জেলা প্রশাসক, পুলিশ সুপার এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রেরণ করা হবে। সংশ্লিষ্ট সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার বা উপজেলা নির্বাচন অফিসারগণ উক্ত পরিপত্র, আদেশ, নির্দেশ, ফরম ইত্যাদি প্রিন্ট করে প্রয়োজনীয় সংখ্যক কপি করে রিটার্নিং অফিসার এবং সংশ্লিষ্ট অন্যান্যদেরকে প্রদান করবেন। ফ্যাক্স বা ডাকযোগে এত অধিক পরিমান পাঠানো সম্ভব হবে না বিধায় এই ব্যবস্থায় প্রেরণ করা হবে। কোন উপজেলায় ইন্টারনেট সুবিধা না থাকলে সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারগণ প্রিন্ট বের করে কুরিয়ার সার্ভিসে বা বিশেষ বাহক মারফত উপজেলা নির্বাচন অফিসার এবং রিটার্নিং অফিসার ও অন্যান্য সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করবেন।

৩০। স্থানীয় সরকার বিভাগের ০৫ এপ্রিল ২০২২ তারিখের ৪৬.০০.৪৪০০.০১৭.৯৯.০০২.২০২১-২২৬নং স্মারকের প্রেক্ষিতে ঝিনাইদহ পৌর এলাকা সম্প্রসারণের জন্য ঘোষিত শহর এলাকা অদ্যাবধি পৌরসভায় অন্তর্ভুক্ত না হওয়ায় ঝিনাইদহ জেলার সদর উপজেলার ৮নং পালাকানাই ও ১৬নং সুরাট ইউনিয়নের বিদ্যমান (অর্থাৎ শহর এলাকা ঘোষিত এস.আর.ও জারির পূর্বের এলাকা) সীমানা অনুযায়ী নির্বাচন অনুষ্ঠান করতে হবে।

৩১। **অন্যান্য নির্দেশনাঃ** উল্লিখিত সাধারণ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে :

(১) ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে ইতোপূর্বে জারিকৃত পরিপত্র ২-৭ ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক সার্বিক কার্যক্রম গ্রহণ করতে হবে;

(২) নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে ভোটকেন্দ্র স্থাপনের কার্যক্রম সম্পন্ন করা;

(৩) ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত ও নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা, ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে আইসিটি ও প্রযুক্তি জ্ঞান সম্পন্ন কর্মকর্তা/কর্মচারীদের অগ্রাধিকার দেয়া;

(৪) নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউটের নির্দেশনায় ইভিএম ব্যবহার ও ভোটগ্রহণ প্রক্রিয়া বিষয়ক ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং অন্যান্য প্রশিক্ষণের আয়োজন করা;

(৫) পার্বত্য এলাকায় হেলিসটি সহযোগিতা প্রয়োজন হলে এ বিষয়ক প্রস্তাবনা নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ;

(৬) ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে নির্বাচনের সার্বিক পরিবেশ পরিস্থিতি সম্পর্কিত তথ্য সংগ্রহ ও পরিবেশন তথা বেসরকারি প্রাথমিক ফলাফল সংগ্রহের জন্য ব্যবস্থা গ্রহণ;

(৭) সাপ্তাহিক/সরকারি ছুটির দিন ও অফিস সময়ের পরে কতিপয় গুরুত্বপূর্ণ কার্যক্রম যেমন-মনোনয়নপত্র দাখিল/গ্রহণ এবং মনোনয়নপত্র বাছাইয়ের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের/গ্রহণ, প্রার্থীতা প্রত্যাহার সংক্রান্ত কার্যাদি সাধারণ কার্যদিবসের ন্যায় **সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি.** পর্যন্ত অব্যাহত রাখা;

(৮) ভোটগ্রহণ সম্পন্ন হওয়ার পরে নির্বাচনি মালামাল সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের দায়িত্বে রাখতে হবে;

(৯) ইউনিয়ন পরিষদ নির্বাচনে ব্যালট পেপারের অধিকতর নিরাপত্তার জন্য ভোটগ্রহণের দিন সকালে ভোটকেন্দ্রে ব্যালট পেপার পৌঁছানো এবং যেসব ইউনিয়নে ভোটগ্রহণের দিন সকালে ব্যালট পেপার পৌঁছানো সম্ভব হবে না ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিনের পূর্বেই উপর্যুক্ত কারণসহ নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করতে হবে;

(১০) বয়স্ক, গর্ভবর্তী, অসুস্থ, প্রতিবন্ধী ও অন্ধ ভোটারদের মত হিজড়াদের ভোট প্রদানের জন্য লাইনে অপেক্ষামাণ থাকলে তাদেরকেও দ্রুত ভোট প্রদানের জন্য একই ধরনের সুবিধা প্রদান করতে হবে।

৩১। **প্রাপ্তি স্বীকারঃ** এই পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হল।

০২
১৬/৫/2022

**(মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
e-mail: ecsemc2@gmail.com

সংলগ্নীঃ উপরে বর্ণিত
বিতরণ: ১। জেলা প্রশাসক, --------------------------------(সংশ্লিষ্ট)
২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, -------(সংশ্লিষ্ট)
৩। উপজেলা নির্বাহী অফিসার, ---------------------------------(সংশ্লিষ্ট)
৪। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ---------------------------(সংশ্লিষ্ট)
৫। --------------------------------------ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১২.২২-২৭৭

তারিখ: ১২ বৈশাখ ১৪২৯ / ২৫ এপ্রিল ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব,........................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৭. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, ......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
১০. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. প্রকল্প পরিচালক (আইডিইএ প্রকল্প, ২য় পর্যায়), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. বিভাগীয় কমিশনার, .......................... (সংশ্লিষ্ট) বিভাগ
১৪. প্রকল্প পরিচালক (ইভিএম প্রকল্প), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ইভিএম কাস্টমাইজেশন ও অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৫. পুলিশ কমিশনার, ..........................(সংশ্লিষ্ট)
১৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৮. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৯. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
২০. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .......................... (সংশ্লিষ্ট)
২১. পুলিশ সুপার, ............................(সংশ্লিষ্ট)
২২. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৩. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...................... (সংশ্লিষ্ট)
২৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৭. অফিসার-ইন-চার্জ, .....................................................(সংশ্লিষ্ট) থানা।

২৬/০৪/২০২২

( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
Email: ecsemc2@gmail.com

পরিশিষ্ট-ক

**১৫ জুন ২০২২ তারিখে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য নির্ধারিত ইউনিয়ন পরিষদের তালিকা (সংশোধিত)**

| জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|
| ১. দিনাজপুর | ১. বিরল | ১. বিজোড়া | |
| | | ২. পলাশবাড়ী | |
| ২. নীলফামারী | ২. সদর | ৩. খোকশাবাড়ী | |
| ৩. লালমনিরহাট | ৩. পাটগ্রাম | ৪. বাউরা | |
| ৪. কুড়িগ্রাম | ৪. চিলমারী | ৫. নয়ারহাট | |
| ৫. গাইবান্ধা | ৫. সুন্দরগঞ্জ | ৬. হরিপুর | |
| ৬. বগুড়া | ৬. কাহালু | ৭. দূর্গাপুর | |
| | ৭. নন্দীগ্রাম | ৮. বুড়ইল | |
| | ৮. সারিয়াকান্দি | ৯. চালুয়াবাড়ী | |
| ৭. চাঁপাইনবাবগঞ্জ | ৯. শিবগঞ্জ | ১০. কানসাট | |
| ৮. সিরাজগঞ্জ | ১০. উল্লাপাড়া | ১১. বড়হর | |
| | ১১. শাহজাদপুর | ১২. সোনাতনী | |
| ৯. মেহেরপুর | ১২. সদর | ১৩. আমঝুপি | |
| | | ১৪. পিরোজপুর | |
| | | ১৫. শ্যামপুর | |
| | | ১৬. বারাদি | |
| ১০. ঝিনাইদহ | ১৩. সদর | ১৭. সুরাট | |
| | | ১৮. পাগলাকানাই | |
| ১১. বরগুনা | ১৪. তালতলী | ১৯. পঁচাকোড়ালিয়া | |
| | | ২০. ছোটবগী | |
| | | ২১. কড়ইবাড়িয়া | |
| | | ২২. বড়বগী | |
| | | ২৩. নিশানবাড়িয়া | |
| | | ২৪. সোনাকাটা | |
| ১২. পটুয়াখালী | ১৫. সদর | ২৫. জৈনকাঠী | |
| | | ২৬. কালিকাপুর | |
| | | ২৭. ইটবাড়িয়া | |
| | | ২৮. মৌকরণ | |
| | | ২৯. লাউকাঠী | |
| | ১৬. কলাপাড়া | ৩০. লতাচাপলী | |
| | | ৩১. ধুলাসার | |
| | ১৭. দশমিনা | ৩২. চরবোরহান | |
| ১৩. ভোলা | ১৮. দৌলতখান | ৩৩. সৈয়দপুর | |
| | | ৩৪. হাজিপুর | |
| | ১৯. লালমোহন | ৩৫. কালমা | |
| | | ৩৬. রমাগঞ্জ | |
| ১৪. বরিশাল | ২০. উজিরপুর | ৩৭. শিকারপুর | |
| | ২১. হিজলা | ৩৮. হিজলা-গৌরব্দী | |
| | | ৩৯. ধুলখোলা | |
| | ২২. মেহেন্দিগঞ্জ | ৪০. বিদ্যানন্দপুর | |
| | | ৪১. চরএক্করিয়া | |
| | | ৪২. গোবিন্দপুর | |
| | | ৪৩. আন্দারমানিক | |
| | | ৪৪. জয়নগর | |

| জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|
| | | ৪৫. লতা | |
| ১৫. পিরোজপুর | ২৩. নাজিরপুর | ৪৬. দেউলবাড়ি দোবড়া | |
| | | ৪৭. কলারদোয়ানিয়া | |
| ১৬. টাঙ্গাইল | ২৪. সখিপুর | ৪৮. গজারিয়া | |
| | | ৪৯. দাড়িয়াপুর | |
| | ২৫. মধুপুর | ৫০. কুড়ালিয়া | |
| | | ৫১. মহিষমারা | |
| | | ৫২. বেরীবাইদ | |
| | | ৫৩. কুড়াগাছা | |
| | | ৫৪. আউশনারা | |
| | | ৫৫. অরনখোলা | |
| | | ৫৬. ফুলবাগচালা | |
| | | ৫৭. শোলাকুড়ী | |
| | ২৬. মির্জাপুর | ৫৮. ভাওড়া | |
| | | ৫৯. বহরিয়া | |
| | | ৬০. লতিফপুর | |
| | | ৬১. ফতেপুর | |
| | | ৬২. আজগানা | |
| | | ৬৩. তরফপুর | |
| | ২৭. নাগরপুর | ৬৪. ভারড়া | |
| | ২৮. বাসাইল | ৬৫. কাশিল | |
| | | ৬৬. বাসাইল সদর | |
| | ২৯. গোপালপুর | ৬৭. হেমনগর | |
| | | ৬৮. ঝাওয়াইল | |
| ১৭. জামালপুর | ৩০. দেওয়ানগঞ্জ | ৬৯. চিকাজানী | |
| | ৩১. ইসলামপুর | ৭০. কুলকান্দি | |
| | | ৭১. বেলগাছা | |
| | | ৭২. সাপধরী | |
| | | ৭৩. নোয়ারপাড়া | |
| | | ৭৪. পাথর্শী | |
| | | ৭৫. চিনাডুলী | |
| ১৮. মুন্সীগঞ্জ | ৩২. লৌহজং | ৭৬. তেউটিয়া | |
| ১৯. ঢাকা | ৩৩. ধামরাই | ৭৭. সুতিপাড়া | |
| ২০. গাজীপুর | ৩৪. কালিয়াকৈর | ৭৮. মৌচাক | |
| ২১. নরসিংদী | ৩৫. মনোহরদী | ৭৯. খিদিরপুর | |
| | | ৮০. চরমান্দালিয়া | |
| | | ৮১. কৃষ্ণপুর | |
| ২২. নারায়ণগঞ্জ | ৩৬. সোনারগাঁও | ৮২. মোগরাপাড়া | |
| ২৩. ফরিদপুর | ৩৭. মধুখালী | ৮৩. কামালদিয়া | |
| ২৪. মাদারীপুর | ৩৮. কালকিনি | ৮৪. এনায়েতনগর | |
| | | ৮৫. পূর্ব এনায়েতনগর | |
| | ৩৯. রাজৈর | ৮৬. হোসেনপুর | |
| | | ৮৭. খালিয়া | |
| | | ৮৮. বদরপাশা | |
| | | ৮৯. আমগ্রাম | |
| ২৫. শরীয়তপুর | ৪০. জাজিরা | ৯০. বড়কৃষ্ণনগর | |
| | | ৯১. বড়গোপালপুর | |

| জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|
| | | ৯২. কুন্ডেরচর | |
| | | ৯৩. পালেরচর | |
| | | ৯৪. পূর্ব নাওডোবা | |
| | | ৯৫. বিলাসপুর | |
| ২৬. হবিগঞ্জ | ৪১. বানিয়াচং | ৯৬. বানিয়াচং দক্ষিণ পশ্চিম | |
| ২৭. সুনামগঞ্জ | ৪২. জামালগঞ্জ | ৯৭. জামালগঞ্জ সদর | |
| | | ৯৮. জামালগঞ্জ উত্তর | |
| ২৮. ব্রাহ্মণবাড়িয়া | ৪৩. কসবা | ৯৯. মূলগ্রাম | |
| | ৪৪. বাঞ্ছারামপুর | ১০০. আইয়ুবপুর | |
| | | ১০১. দড়িয়াদৌলত | |
| ২৯. কুমিল্লা | ৪৫. চৌদ্দগ্রাম | ১০২. আলকরা | |
| | ৪৬. মুরাদনগর | ১০৩. মুরাদনগর | |
| ৩০. নোয়াখালী | ৪৭. বেগমগঞ্জ | ১০৪. মিরওয়ারিশপুর | |
| | ৪৮. সেনবাগ | ১০৫. কেশারপাড় | |
| | | ১০৬. অর্জুনতলা | |
| | | ১০৭. মোহাম্মদপুর | |
| | ৪৯. সদর | ১০৮. বিনোদপুর | |
| | ৫০. হাতিয়া | ১০৯. হরনী | |
| | | ১১০. চানন্দী | |
| ৩১. চট্টগ্রাম | ৫১. সন্দ্বীপ | ১১১. দীর্ঘাপাড় | **ব্যালট পেপারে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।** |
| | ৫২. ফটিকছড়ি | ১১২. ভূজপুর | |
| | ৫৩. হাটহাজারী | ১১৩. ফরহাদাবাদ | |
| | ৫৪. কর্ণফুলী | ১১৪. চর পাথরঘাটা | |
| | ৫৫. সাতকানিয়া | ১১৫. এওচিয়া | |
| | ৫৬. বাঁশখালী | ১১৬. পুকুরিয়া | |
| | | ১১৭. সাধনপুর | |
| | | ১১৮. খানখানাবাদ | |
| | | ১১৯. বাহারছড়া | |
| | | ১২০. কালিপুর | |
| | | ১২১. বৈলছড়ি | |
| | | ১২২. কাথরিয়া | |
| | | ১২৩. সরল | |
| | | ১২৪. শীলকুপ | |
| | | ১২৫. চাম্বল | |
| | | ১২৬. পুঁইছড়ি | |
| | | ১২৭. শেখেরখীল | |
| | | ১২৮. ছনুয়া | |
| | | ১২৯. গন্ডামারা | |
| ৩২. কক্সবাজার | ৫৭. মহেশখালী | ১৩০. বড় মহেশখালী | |
| | | ১৩১. কালারমারছড়া | |
| ৩৩. রাঙ্গামাটি পার্বত্য জেলা | ৫৮. কাপ্তাই | ১৩২. চন্দ্রঘোনা | |

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.২২-২৭৯ তারিখ: ১২ বৈশাখ ১৪২৯ / ২৫ এপ্রিল ২০২২

**বিষয়: উপজেলা পরিষদের বিভিন্ন শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী **১৫ জুন ২০২২ (বুধবার)** তারিখে ভোটগ্রহণের দিন নির্ধারণকরতঃ ইতোপূর্বে নির্বাচন কমিশন সচিবালয় হতে উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন ২০১৯ উপলক্ষে জারিকৃত সকল আদেশ, নির্দেশনা, পরিপত্র এবং আইন ও বিধি অনুসরণপূর্বক নিম্নোক্ত তালিকা অনুযায়ী উপজেলা পরিষদের বিভিন্ন উপজেলা পরিষদসমূহের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন:

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | পদের নাম |
|---|---|---|---|
| ১. | দিনাজপুর | খানসামা | চেয়ারম্যান |
| ২. | নাটোর | লালপুর | মহিলা ভাইস চেয়ারম্যান |
| ৩. | চাঁপাইনবাবগঞ্জ | সদর | ভাইস চেয়ারম্যান |
| ৪. | সিলেট | গোলাপগঞ্জ | চেয়ারম্যান |
| ৫. | নেত্রকোনা | মদন | ভাইস চেয়ারম্যান |

২। উল্লিখিত উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ভোটগ্রহণের সময় **সকাল ০৯.০০ মি. হতে বিকাল ০৫.০০ মি.** পর্যন্ত **ব্যালট পেপারের মাধ্যমে** বিরতিহীনভাবে ভোটগ্রহণ করা হবে এবং স্বাস্থ্য বিধি প্রতিপালনের মাধ্যমে জনস্বাস্থ্য নিশ্চিত করে নির্বাচনি প্রচারণা, ভোটগ্রহণ ও নির্বাচনি অন্যান্য কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা দেয়া হয়েছে।

৩। বর্ণিতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশনের উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

নির্বাচন কমিশনের আদেশক্রমে
২৫/৪/2022
**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, ............................(সংশ্লিষ্ট)
ও
রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.২২-২৭৯ তারিখ: ১২ বৈশাখ ১৪২৯ / ২৫ এপ্রিল ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব,......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৭. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, ......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা

১০. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. প্রকল্প পরিচালক (আইডিইএ প্রকল্প, ২য় পর্যায়), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. বিভাগীয় কমিশনার, ........................... (সংশ্লিষ্ট) বিভাগ
১৪. প্রকল্প পরিচালক (ইভিএম প্রকল্প), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ইভিএম কাস্টমাইজেশন ও অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৫. পুলিশ কমিশনার, ...........................(সংশ্লিষ্ট)
১৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৮. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৯. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
২০. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ........................... (সংশ্লিষ্ট)
২১. পুলিশ সুপার, .............................(সংশ্লিষ্ট)
২২. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৩. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ....................... (সংশ্লিষ্ট)
২৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৭. অফিসার-ইন-চার্জ, ......................................................(সংশ্লিষ্ট) থানা।

২০/১২/২০২২

**( মোহাম্মদ আশফাকুর রহমান )**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
Email: ecsemc2@gmail.com

# ১৫ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য উপজেলা পরিষদের উপনির্বাচনের সময়সূচি

| | | |
|---|---|---|
| মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৭ মে ২০২২ |
| মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৯ মে ২০২২ |
| আপিল দাখিলের তারিখ | : | ২০-২২ মে ২০২২ |
| আপিল নিস্পত্তির তারিখ | : | ২৩-২৫ মে ২০২২<br>(সকাল ৯.০০ থেকে বিকাল ৫.০০ ঘটিকা) |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৬ মে ২০২২ |
| প্রতীক বরাদ্দ | : | ২৭ মে ২০২২ |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **১৫ জুন ২০২২** |

**ভোটগ্রহণের সময়: সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. পর্যন্ত**

অতীব জরুরি
নির্বাচন অগ্রাধিকার

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.২২-২৮২ তারিখ: ১২ বৈশাখ ১৪২৯ / ২৫ এপ্রিল ২০২২

**প্রজ্ঞাপন**

নং- ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.২২-২৮২।- উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী নির্বাচন কমিশন খাগড়াছড়ি জেলার গুইমারা উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নেবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছে:

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৭ মে ২০২২ |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৯ মে ২০২২ |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৬ মে ২০২২ |
| (ঘ) | ভোটগ্রহণের তারিখ | : | **১৫ জুন ২০২২** |

**ভোটগ্রহণের সময়সীমা: সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত**

নির্বাচন কমিশনের আদেশক্রমে
২৫/৪/২০২২
**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব (নির্বাচন পরিচালনা-২)
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail: ecsemc2@gmail.com

উপ পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা।

অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ১০০ (একশত) কপি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

নং- ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.২২-২৮২ তারিখ: ১২ বৈশাখ ১৪২৯ / ২৫ এপ্রিল ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব,........................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৭. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, ........................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
১০. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. বিভাগীয় কমিশনার, .......................... (সংশ্লিষ্ট) বিভাগ

১৩. পুলিশ কমিশনার, .........................(সংশ্লিষ্ট)
১৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৮. জেলা প্রশাসক, ................................ ও আপিল কর্তৃপক্ষ
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ......................... (সংশ্লিষ্ট)
২০. পুলিশ সুপার, ..........................(সংশ্লিষ্ট)
২১. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, ..................... ও রিটার্নিং অফিসার
২৩. উপজেলা নির্বাহী অফিসার, ...........................(সংশ্লিষ্ট)
২৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৫. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...................... (সংশ্লিষ্ট)
২৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................. এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৯. উপজেলা নির্বাচন অফিসার, ........ ........ ......... ....... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩০. অফিসার-ইন-চার্জ, ..................................................(সংশ্লিষ্ট) থানা।

২৫/০৪/২০২১


( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
Email: ecsemc2@gmail.com